# জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইল: info@nhrc.org.bd

## আদেশ নামা

**অভিযোগ নং-সুয়োমটো ঢা.৫৩/২৩**

অভিযোগকারী - জাতীয় মানবাধিকার কমিশন

বনাম

প্রতিপক্ষ –

| আদেশ নং ও তারিখ | আদেশ |
|---|---|
| ০১<br>১৭/১০/২০২৩ | ১৬ অক্টোবর, ২০২৩ তারিখ গণমাধ্যমে প্রকাশিত সংবাদ প্রতিবেদন **'শাহজালালে প্রবাসীর ৭ লাখ টাকার স্বর্ণ ও মোবাইল চুরি'** -এর প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রতিবেদন মতে, হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দরে বাংলাদেশ এয়ারলাইন্স এর ফ্লাইটের (বিজি-৫৮৫) দুই যাত্রীর প্রায় ৭ লাখ টাকার স্বর্ণ, গহনা ও মোবাইল চুরি হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, লাগেজ কনভেয়ার বেল্ট থেকে নেয়ার পর স্বর্ণ ও মোবাইল না পাওয়ায় আর্তনাদ করছেন দুই যাত্রী। যাত্রীরা অভিযোগ করেন, ব্যাগ থেকে মূল্যবান জিনিসপত্র বের করে নেয়া হয়েছে। চুরি হওয়া মালামাল না পেলে আত্মহত্যার হুমকিও দেন এক যাত্রী। চুরি হওয়া মালামালের বিষয়ে বিমানবন্দর থানায় কোনো মামলা না হলেও ব্যবস্থা নিতে বিমান কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ করেছেন ভুক্তভোগীরা।<br><br>**ঘটনার পরবর্তী দিনে একই বিষয়ে বিভিন্ন গণমাধ্যমে আরো প্রকাশিত হয় যে, উক্ত যাত্রীর বাড়ী মুন্সীগঞ্জের সিরাজদিখানে। তিনি ২০১৪ সাল থেকে সিঙ্গাপুরে কর্মরত। তিনি ছাড়াও ওই একই দিনে আরো ৪/৫ জনের লাগেজ থেকে স্বর্ণ, মোবাইল ও অন্যান্য জিনিস খোয়া যাওয়ার অভিযোগ পাওয়া গেছে। বিমানবন্দরে স্বর্ণ কিংবা অন্যান্য মূল্যবান দ্রব্য খোয়া যাওয়ার ঘটনা নতুন নয়। বিমানবন্দরে কিছুদিন পরপর এ ধরনের ঘটনা গণমাধ্যমের শিরোনাম হয়ে সকলের নজরে আসে, যা কোনভাবেই কাম্য নয়। ঘটনাগুলো কিছুদিন পর ধামাচাপা পড়ে যায়। প্রবাসীদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রায় দেশ চলে, সেখানে বিমানবন্দরে কিছু কর্মচারী নামীয় দুর্বৃত্তদের প্রতারণার শিকার হয়ে সর্বশান্ত হচ্ছে আমাদের রেমিট্যান্স যোদ্ধারা। এ ধরনের ঘটনা অনাকাঙ্খিত ও কোনভাবেই গ্রহনযোগ্য নয়। তদন্ত সাপেক্ষ ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের/সিন্ডিকেটের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা সমীচীন মর্মে কমিশন মনে করে। এ অবস্থায়, বর্ণিত ঘটনার তদন্তপূর্বক এর সাথে জড়িত ব্যক্তিদের/সিন্ডিকেটের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ এ ধরনের অপ্রত্যাশিত ঘটনার পুনরাবৃত্তি রোধে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-কে বলা হলো।**<br><br>আগামী ০৬/১১/২০২৩ তারিখ প্রতিবেদনের জন্য ধার্য।<br><br>স্বাক্ষরিত/-<br>**ড. কামাল উদ্দিন আহমেদ**<br>চেয়ারম্যান<br>জাতীয় মানবাধিকার কমিশন |

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/সুয়োমটো.ঢা-৫৩/২৩- ৮৬১৩৪ তারিখ: ১৭/১০/২০২৩

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।**

চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, প্রধান কার্যালয়, কুর্মিটোলা, ঢাকা ১২২৯, বাংলাদেশ।
সংযুক্তঃ ফর্দ।

১৭/১০/২০২৩

(সুস্মিতা পাইক)
উপপরিচালক
ফোন:-০২-৫৫০১৩৭২১